



## ডিজিটাল নাগরিক: দ্বিতীয় ধাপ

অনেক সময় মানুষ বুঝতে পারে না যে তারা অনলাইনে নির্দয় আচরণ করেন। যখন আপনি কারো মুখোমুখি থাকছেন না তখন ভুল বোঝাবুঝি খুব সহজেই হতে পারে।

**কার্য ১:** নিচের বক্তব্যগুলো খুব পরিস্কার নয়। বক্তব্যগুলো এমনভাবে পরিবর্তন করুন যেন, যে পড়ছে, সে যেন বুঝতে পারে যে বক্তব্যগুলো সদয়।

উদাহরণ, ‘এই নতুন ধরনের চুল কাটার পর তোমাকে অন্যরকম লাগছে’ → ‘এই নতুন ধরনের চুল কাটার পর তোমাকে অন্যরকম লাগছে- আমার পছন্দ হয়েছে’।

ছবিতে তোমার কুকুরটাকে অদ্ভুত দেখাচ্ছে →

ছবিটা খুবই অদ্ভুত →

এটি কি সত্যিই তুমি? একেবারেই তোমার মতো লাগছে না →

তোমার জন্মদিনের দাওয়াতে আমি আসতে পারছি না →

এই জামাটা পড়ে বেশ সাহসী কাজ করেছে →

জাম্পারটা বেশ উজ্জ্বল →

আচ্ছা ঠিক আছে →

আমার মনে হয় তাই →

এই রঙের জামাটা কখনো পড়বে না →

ওহ, তুমি তুলেছ ছবিটা? →

**কার্য ২:** যে পরিবর্তন করা হয়েছে সেগুলোর বিবরণ দিন। আপনার করা পরিবর্তনগুলো কেমন করে বক্তব্যগুলো সদয় করেছে বলে আপনার মনে হয়?



ডিজিটাল নাগরিক: দ্বিতীয় ধাপ

---